



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী এবং Brain Child Season 1 এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান



১৫ নভেম্বর ২০২২-মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী এবং Brain Child Season 1 এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির মেন্টর অধ্যাপক ড. উজ্জল কুমার আচার্যের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এসময় প্রক্টর এবং সিএসই বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

Brain Child Season 1 এর প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় সৌরভ চন্দ্র দাসের প্রজেক্ট গ্রীন ডক্টর। এছাড়াও ১ম রানার্সআপ হয় মেহেদী হাসান ও নিশাত মাহমুদের প্রজেক্ট ই-কমপ্লাইন্ট এবং ২য় রানার্সআপ হয় জাহাঙ্গীর হোসাইন ও শাহরিয়ার রুদ্রের প্রজেক্ট এক্সিলারেটর। বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অতিথিবৃন্দ।